

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৯২

শান্তিরবাজার, ২৭ মার্চ, ২০২৪

শান্তিরবাজার মহকুমাভিত্তিক দোল উৎসব

শান্তিরবাজার মহকুমাভিত্তিক দোল উৎসব গতকাল শান্তিরবাজার রাধামাধব মন্দিরে অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত দোল উৎসবে সানফ্লাওয়ার নৃত্যকলা একাডেমি, লোক মনোরঞ্জন একাডেমি, ডায়মন্ড ড্যান্স একাডেমি, সুরতান বিদ্যামন্দির এবং রাধামাধব মন্দিরের শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। দোল উৎসবের উদ্বোধন করেন রাধামাধব মন্দিরের পুরোহিত মাধব দাস বৈষ্ণব। উৎসবে উপস্থিত ছিলেন রাধামাধব মন্দির পরিচালন কমিটির সভাপতি অমল দেবনাথ, পূর্ত দপ্তরের মুখ্য কার্যনির্বাহী বাস্তুকার তাপস মারাক প্রমুখ।
